

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
ই-৭, আগারগাঁও, ঢাকা
www.dip.gov.bd



ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের এপিএ (বার্ষিক কর্মসম্পাদন চুক্তি) বাস্তবায়ন বিষয়ে তত্ত্বাবধার কার্যবিবরণীঃ

সভাপতি	: জনাব সেলিনা বানু অতিরিক্ত মহাপরিচালক মানব সম্পদ ব্যবস্থাপনা ও অর্থ (অতিরিক্ত দায়িত্ব) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
সভার তারিখ	: ০৯ নভেম্বর ২০২১
সময়	: সকাল ১০:০০ ঘটিকা
স্থান	: সম্মেলন কক্ষ
উপস্থিতি	: তালিকা সংযুক্ত

সভাপতি মহোদয় উপস্থিতি সভাইকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতে সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থবছরে এপিএতে অর্তভুক্ত লক্ষ্যমাত্রা সমূহ এবং নির্ধারিত সময়ে সকল কাজ সম্পন্ন করার জন্য উপস্থিতি কর্মকর্তাদের নির্দেশ দেন। এরপর সভাপতি মহোদয় এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আলোচ্য বিষয়সমূহ উত্থাপনের জন্য অনুরোধ করেন।

১। এপিএ ফোকাল পয়েন্ট জনাব মোঃ সালাহ উদ্দিন, উপপরিচালক (প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) জানান, ১ জুলাই ২০২১ হতে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী নিম্নোক্ত কার্যক্রম সম্পন্ন হয়েছে:

- ক) মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ০৭টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।
- খ) প্রধান কার্যালয়ে আগত পাসপোর্ট ও ডিসা সেবা প্রার্থীদের জন্য পৃথক অপেক্ষাগার নির্মাণ সম্পন্ন হয়েছে।
- গ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এবং ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
- ঘ) আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক ২৫-১০-২১ তারিখে প্রদান করা হয়েছে।
- ঙ) ২০২১-২২ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
- চ) “ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা” শীর্ষক প্রকল্পের PSC ও PIC সভা অনুষ্ঠিত হয়েছে।
- ছ) প্রাতিষ্ঠানিক গণশুনানি গত ৩১-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে।
- জ) অধিনস্ত শাখা/অফিসের কর্মকর্তা/কর্মচারীদের সাথে ২৩-০৮-২০২১ তারিখে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
- ঝ) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ গত ৩১-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে।
- ঝঝ) উত্তরবন্ধী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ এবং সেবা ডিজিটাইজেশন এর ধারণা আহ্বান করে অধিদপ্তরের
- সকল কর্মকর্তা ও মাঠ পর্যায়ের অফিসসমূহে পত্র প্রেরণ করা হয়েছে।

- ট) ইতৎপূর্বে বাস্তবায়িত উভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা গত ০৭-০৭-২০২১ অনুষ্ঠিত হয়েছে।
- ঠ) ৪ৰ্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ কর্মশালা গত ১৮-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে।
- ড) ই-গভর্নেন্স ও উভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ গত ২৫-০৮-২০২১ অনুষ্ঠিত হয়েছে।
- ঢ) বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।
- ণ) ই-ফাইলে নোট নিষ্পত্তির হার বৃক্ষি পেয়েছে।

আলোচনাক্রমে উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ

ক্রমিক	আলোচ্য বিষয়	কর্মসম্পাদন সূচক নং	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা/শাখা/ইউ নিট
১।	[১.৮] হেল্পলাইন চালুর নিমিত্ত টেক্নোর প্রক্রিয়া সম্পর্ককরণ	[১.৮.১]	৩০.১১.২১	নির্ধারিত সময়ের মধ্যে টেক্নোর প্রক্রিয়া সম্পর্ক করে প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবেন।	সংস্থাপন শাখা
২।	[২.৫] ইমিশ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের পুনর্গঠিত ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ	[২.৫.১]	৩১.১২.২১	নির্ধারিত সময়ের মধ্যে ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করে প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবেন।	পরিকল্পনা ও উন্নয়ন শাখা
৩।	[৪.২] ই-ভিসা চালুর লক্ষ্যে খসড়া প্রস্তাব প্রণয়ন	[৪.২.১]	৩১.১২.২১	নির্ধারিত সময়ের মধ্যে খসড়া প্রস্তাব প্রণয়ন করে প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবেন।	পরিকল্পনা ও উন্নয়ন শাখা
৪।	[৪.৩] ই-টিপি চালুকরণের প্রস্তাব প্রণয়ন	[৪.৩.১]	৩১.১২.২১	নির্ধারিত সময়ের ই-টিপি চালুকরণের প্রস্তাব প্রণয়ন করে প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবেন।	পরিকল্পনা ও উন্নয়ন শাখা
৫	[১.৮] প্রধান কার্যালয়ে ডিপ্লোমেটিক পাসপোর্ট সেন্টার স্থাপন	[১.৮.১] ডিপ্লোমেটিক পাসপোর্ট সেন্টার স্থাপিত	১৩.০৮.২০২২	নির্ধারিত সময়ের মধ্যে ডিপ্লোমেটিক পাসপোর্ট সেন্টার স্থাপন করে প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবেন।	সংস্থাপন শাখা এবং সংশ্লিষ্ট প্রকল্প

৬	[১.৯] ইলেক্ট্রনিক কিউ সিস্টেম চালুকরণ	[১.৯.১] ইলেক্ট্রনিক কিউ সিস্টেম চালুকৃত	৮ টি	খুলনা, রাজশাহী, বরিশাল, ময়মনসিংহ, নোয়াখালী, ব্রাহ্মগবাড়িয়া, যশোর, যাত্রাবাড়ী অফিসসমূহে ইলেক্ট্রনিক কিউ সিস্টেম চালু করবেন।	সংশ্লিষ্ট অফিসসমূহ
৭	[২.৩] প্রস্তাবিত পার্সোনালাইজেশন কমপ্লেক্স-২ এর নকশা প্রনয়ন	[২.৩.১] প্রণীত নকশা	১৭.০৮.২০২২	নির্ধারিত সময়ের মধ্যে পার্সোনালাইজেশন কমপ্লেক্স-২ এর নকশা প্রনয়ন করে প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রতিবেদন প্রেরণ করবেন।	পরিকল্পনা ও উন্নয়ন শাখা
৮	[২.৬] কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ	[২.৬.১] নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরিত	৬ জন	গাজীপুরের কালিয়াকৈর এ অবস্থিত হাইটেক পার্ক এ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করার লক্ষ্যে প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।	প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
৯	[২.৭] প্রধান কার্যালয় ভবনে অগ্নি বহির্গমন পথ নির্মাণ	[২.৭.১] অগ্নি বহির্গমন পথ নির্মিত	১৭.০৮.২০২২	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার লক্ষ্যে সংস্থাপন শাখা এবং সেন্ট্রাল ইকুইপমেন্ট ও মেইনটেন্যান্স শাখা বরাবর পত্র প্রেরণ করবেন।	প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
১০	[৮.৮] বিদ্যমান ইমিগ্রেশন ম্যানেজমেন্ট সিস্টেমের সাথে ই-গেইটের ইন্টিগ্রেশন সম্পন্নকরণ	[৮.৮.১] ইন্টিগ্রেশন সম্পন্নকৃত	৩০.০৮.২০২২	নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন করে প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করার লক্ষ্যে পরিকল্পনা ও উন্নয়ন শাখা সংশ্লিষ্ট শাখা/কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করবেন।	প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা

জাতীয় শুল্কচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২

১১	১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত (stakeholders) অংশীজনের অংশগ্রহণে সভা	১.৩	১ টি	নভেম্বর ২০২১ এর মধ্যে প্রশিক্ষণ ও কর্মসম্পাদন শাখাকে ১ টি সভা আয়োজন করবেন।	প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
১২	[২.২] প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	২.২	৩ টি	নির্ধারিত সময়ের মধ্যে সভা আয়োজন করে সভার নোটিশ ও কার্যবিবরণী প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবেন।	প্রকল্প পরিচালকগণ
১৩	[২.৩] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	২.৩	৮০ %	নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নপূর্বক প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবেন।	প্রকল্প পরিচালকগণ/ পরিকল্পনা ও উন্নয়ন শাখা
১৪	[৩.৮] প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন	৩.৪	১ টি	২য় কোয়ার্টারে সভা আয়োজনে ব্যবস্থা গ্রহণ করবেন।	পাসপোর্ট শাখা।
১৫	[৩.৫] অধিনস্ত শাখা/অফিসের কর্মকর্তা/কর্মচারীদের সাথে মতবিনিময় সভা আয়োজন	৩.৫	১ টি	২য় কোয়ার্টারে কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে সভা আয়োজন করবেন।	উপপরিচালক (প্রশাসন)

ই-গভর্ন্যান্স ও উত্তোলন কর্মপরিকল্পনা ২০২১-২২

১৬	[১.৬] ৪ৰ্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন	[১.৬.১] সভা/কর্মশালা আয়োজিত	১টি	ডিসেম্বর ২০২১ এর মধ্যে প্রশিক্ষণ ও কর্মসম্পাদন শাখাকে বাস্তবায়ন করবেন।	প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা					
১৭	১.৮] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদকরণ	[১.৮.১]	৩১.১২.২০২১	নভেম্বর ২০২১ এর মধ্যে প্রশিক্ষণ ও কর্মসম্পাদন শাখাকে তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করবেন।	প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
১৮	১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ	[১.৫.১]	৩টি	তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে অফিস আদেশ, প্রচারপত্র এবং এপ্টিল/মে মাসে কর্মশালা আয়োজন করবেন।	উপপরিচালক প্রশাসন

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ২১.১১.২০২১
 মোঃ সালাহ উদ্দিন
 উপপরিচালক (প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা)
 মহাপরিচালকের পক্ষে